সংবাদ

তারিখ 2 0 NOV 2000
পৃষ্ঠা · ১২ কলাম · ৩......

রংপুর বেগম রোকেয়া কলেজে

# শিবির ক্যাডারদের হামলায় ১০ ছাত্র-শিক্ষক আহত

জেলা বার্তা পরিবেশক, রংপুর

রংপুর সরকারি বেগম রোকেয়া কলেজে গতকাল রোববার একদল শিবির ক্যাডার ক্লাস রুমে প্রবেশ করে এক শিক্ষককে কলার ধরে টেনে বাইরে বের করে বেদম মারধর করার ঘটনা নিয়ে তুলকালাম কাণ্ড ঘটে গেছে। শিবির ক্যাডারদের হামলায় শিক্ষক-কর্মচারীসহ ১০ ছাত্রী আহত হয়েছে। বিক্ষুব্ধ ছাত্রীরা ৬ শিবির ক্যাডারকে ধরে কলেজের একটি কক্ষে আটকে রেখে বিক্ষোভ প্রদর্শন করতে থাকে। ছাত্রীরা কলেজে প্রবেশের মূল ফটকে তালা ঝুলিয়ে দিয়ে আটকদের র‍্যাবের হাতে তুলে দেয়ার দাবিতে বিক্ষোভ প্রদর্শন করতে থাকলে প্রায় ৪ ঘণ্টা পর র‍্যাবের হাতে কলেজ কর্তৃপক্ষ ৩ মহিলাসহ ৬ শিবির ও জামায়াত ক্যাডারকে তুলে দিতে বাধ্য হয়। এ ঘটনার প্রতিবাদে ছাত্র ইউনিয়ন শহরে বিক্ষোভ মিছিল বের করে দায়ী শিবির ক্যাডারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার দাবি জানিয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত সন্ধ্যা সাড়ে ৬টা কলেজ ক্যাম্পাসে তুমুল উত্তেজনা বিরাজ করছে।

প্রত্যক্ষদর্শী ও সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সাইফুল ইসলাম কয়েকদিন আগে তার ক্লাসে ছাত্রীদের কলেজ ড্রেস পরে তার ওপর বোরখা পড়ে আসতে বলেন। তিনি বলেন, বোরখা পড়লে অবশ্যই কলেজ ড্রেস থাকতে হবে, তা না হলে ক্লাসে আসতে দেয়া হবে না। গতকাল রোববার হামিদা সুলতানা নামে কলেজের কলা বিভাগের ২য় বর্ষের এক ছাত্রী কলেজ ড্রেস না পরে সাধারণ ড্রেসে ওপর বোরখা পরে আসলে তিনি ওই ছাত্রীকে বকা দেন। এ সময় ওই ছাত্রী মোবাইল ফোনে তার ভাইসহ স্বজনদের কাছে অভিযোগ করে। এরপরই

শিবির : পৃ: ১১ ক: ২

## শিবির : আহত

(১২, পৃষ্ঠার পর)

ওই ছাত্রীর ভাই শিবির ক্যাডার হবিবুল্লা, ইসমাইল, তার বাবা নাছিমুল হকসহ ১০ থেকে ১২ জন শিবির ক্যাডার কলেজে প্রবেশ করে। তারা ক্লাস রুমে ঢুকে শিক্ষক সাইফুল ইসলামকে ক্লাশ রুম থেকে শার্টের কলার ধরে বাইরে নিয়ে এসে বেদম মারধর করতে থাকে। এ ঘটনায় কলেজের কয়েকজন শিক্ষক ও সাধারণ ছাত্রী শিবির ক্যাডারদের হাত থেকে ওই শিক্ষককে উদ্ধার করতে গেলে শিবির ক্যাডাররা শিক্ষক ও ছাত্রীদের ওপর চড়াও হয়ে তাদেরও মারধর করতে থাকলে কলেজের সাধারণ ছাত্রীরা একজোট হয়ে শিবির ক্যাডারদের ঘেরাও করে হবিবুল্লা (২২), ইসমাইল হোসেন (২৫), জামায়াত নেতা নাছিমুল হক ও ৩ মহিলা শিবির ক্যাডার হামিদা, তিনি ও আফসানাকে ধরে ফেলে। তাদের কলেজের একটি কক্ষে আটকে রাখা হয়।